দৈনিক ইত্তেফাক

১৫/৯/২০০১

তারিখ ........
পৃষ্ঠা ২ কলাম ২.....

# ব্রিটেনে মুসলমানরা আতঙ্কিত
# ইসলামিয়া স্কুল বন্ধ ঘোষণা

**সৈয়দ নাহাস পাশা, লন্ডন থেকে ॥** নিউইয়র্কে সন্ত্রাসী হামলার কারণে প্রতিশোধের শিকার হতে পারেন বলে ব্রিটেনের মুসলমান কমিউনিটির মধ্যে একটি আতঙ্কাবস্থা বিরাজ করছে। ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের ঘটনায় মুসলমান উগ্রপন্থীদের দায়ী করায় আমেরিকা, কানাডা এবং অস্ট্রেলিয়াসহ বিভিন্ন দেশে মুসলমানদের ওপর হামলার খবর পাওয়া গেছে। ব্রিটেনের মুসলিম কমিউনিটির বিভিন্ন সংগঠন হিংসাত্মক ইমেইল এবং হামলার হুমকি পাচ্ছে। এই সকল হুমকির কারণে লন্ডনে সরকার অনুমোদিত ইউসুফ ইসলামের পরিচালিত বিখ্যাত ইসলামিয়া স্কুল অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। ইউসুফ ইসলাম ধর্মান্তরিত হওয়ার আগে ব্রিটেনে ক্যাট স্টিভেন নামে একজন বিখ্যাত পপ গায়ক ছিলেন। ৩/৪ মাস আগে যুক্তরাজ্যের বিভিন্ন শহরে বর্ণবাদী দাঙ্গার পরে বর্তমানে মিডিয়ায় মুসলমানবিরোধী প্রচারণায় পরিস্থিতি খুব নাজুক অবস্থায় রয়েছে। ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে সন্ত্রাসী হামলায় এখন পর্যন্ত ব্রিটেনের শতাধিক লোক নিহত হওয়ার ঘটনা পরিস্থিতিকে আরও উত্তেজিত করে তুলেছে।

অন্যদিকে আমেরিকায় মুসলমান কমিউনিটির ওপর হামলা অব্যাহত রয়েছে। বিভিন্ন মসজিদে ভাংচুর ছাড়াও কয়েকজন মুসলমানের ওপুর হামলার খবর পাওয়া গেছে। শিকাগোতে প্রায় শ' তিনেক আমেরিকান বিক্ষোভকারী জাতীয়তাবাদী স্লোগান দিয়ে একটি মসজিদে হামলা চালাতে গেলে পুলিশ তিনজনকে গ্রেফতার করে। শহরের একটি আরব আমেরিকান কমিউনিটি সেন্টারে পেট্রল বোমা নিক্ষেপ করা হয়। নিউইয়র্কে এক বাঙালীকে ছুরিকাঘাত করা হয় এবং এক পাকিস্তানী মহিলার উপর দিয়ে ৭৫ বছর বয়স্ক এক আমেরিকান গাড়ি চালানোর চেষ্টা করেন।